

পল্লী বিদ্যুতায়ন বোর্ডের তথ্য প্রযুক্তি বিষয়ক কার্যক্রম :

- এসএমএস এর মাধ্যমে বিদ্যুৎ বিল আদায় : টেলিটক বাংলাদেশ লিঃ এর সহায়তায় এসএমএস এর মাধ্যমে ৭০টি পবিস এর বিদ্যুৎ বিল গ্রহণ করা হচ্ছে।
- ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের মাধ্যমে বিদ্যুৎ বিল আদায় : প্রায় সকল পবিসে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের মাধ্যমে গ্রাহকের বিদ্যুৎ বিল গ্রহণ করা হচ্ছে।
- **Online Bank এর মাধ্যমে bill collection** : ঢাকা পবিস-১ এর ইউনাইটেড কর্মসিয়ারাল ব্যাংক লিঃ এর নবীনগর শাখা এবং ও ঢাকা ব্যাংক লিঃ এর সাভার শাখায় পবিস এর Online এ bill collection করা হচ্ছে।
- **অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন পদ্ধতি** : মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইতিমধ্যে Online Application software এর মাধ্যমে ৬৫টি পবিস এ বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ করা হচ্ছে। অবশিষ্ট ৫ টি পবিসে এ শ্রীঘই এ পদ্ধতি চালু করা হচ্ছে।
- **National e-GP Portal** : Bangladesh National Electronic Government Procurement (e-GP) Portal ব্যবহার করে পল্লী বিদ্যুতায়ন বোর্ড ২০১১-১২ অর্থ বৎসরে পাইলট ভিত্তিতে ০১ (এক) টি টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন পূর্বক সন্তোষজনকভাবে মালামাল ক্রয় সমাপ্ত করেছে। ২০১২-১৩ অর্থ বৎসরে পল্লী বিদ্যুতায়ন বোর্ড National e-GP Portal ব্যবহার করে ৫টি সাব-প্যাকেজের মালামাল ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এ ছাড়াও চলতি ২০১৩-১৪ অর্থ বছরে পন্য ক্রয়ের ক্ষেত্রে ২৪ টি সাব-প্যাকেজের ক্রয় কাজ e-GP তে সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে।
- **Store Management System** : পবিবোর্ডে ৩টি কেন্দ্রীয় স্টোর ও ৭০টি সমিতি এর Store ব্যবস্থাপনা centralize করতঃ web ভিত্তিক করা হয়েছে।
- **Management Information System (MIS)** : সকল পবিস হতে 550 Form এর তথ্য ই-মেইল এর মাধ্যমে প্রাপ্তির পর সফটওয়্যারে আপলোড করে দ্রুত সময়ে MIS তৈরী করা হয়।
- **ইন্টারনেট সেবা** : পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ে LAN স্থাপনকরতঃ স্ব স্ব দপ্তরে ইন্টারনেট, ই-মেইল, webserver ইত্যাদি সেবা প্রদান করা হচ্ছে।
- **পবিবোর্ডের নিজস্ব website** : পবিবোর্ডের নিজস্ব ওয়েব সাইট www.reb.gov.bd এর মাধ্যমে নিয়মিত টেন্ডার বিজ্ঞপ্তি, নিয়োগ বিজ্ঞপ্তি সহ অন্যান্য তথ্য প্রকাশ করা হয়।
- **পবিসের নিজস্ব website** : পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধীনে ৭০টি পবিসের নিজস্ব website চালু করা হয়েছে।
- **পবিসের ইন্টারনেট কানেক্টিভিটি** : ৭০ টি পবিসে Dedicated Internet Connectivity স্থাপন করা হয়েছে। যার ফলে পবিবোর্ড ও পবিসের যোগাযোগ সহজ ও দ্রুততর হয়েছে।
- **Video conference System** : পল্লী বিদ্যুতায়ন বোর্ডের Video conference System স্থাপন করা হয়েছে। এছাড়াও পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং ৭০ টি পল্লী বিদ্যুৎ সমিতির মধ্যে Video conference System স্থাপনের ক্রয়কার্য শুরু করা হচ্ছে।
- **ইউনিফাইড কাষ্টমার কমপ্লেইন হ্যান্ডলিং সফটওয়্যার** : ঢাকা পবিস-১ এ ইউনিফাইড কাষ্টমার কমপ্লেইন হ্যান্ডলিং সফটওয়্যার বাস্তবায়ন করা হচ্ছে।
- **KPI Software** : MIS ও Billing Software centralize করতঃ পবিবোর্ডে KPI software বাস্তবায়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।